# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা দ্বিতীয় পত্র

### রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা    পূর্ণমান — ৫০    বিষয় কোড: ১০২

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা কর :** ৫

(ক) শৃঙ্খলাবোধ

(খ) আমাদের জাতীয় পতাকা

**২. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ৫

(ক) নিয়মিত সংবাদপত্র পাঠের গুরুত্ব ব্যাখ্যা করে তোমার ছোট ভাইকে একটি পত্র লেখ।

(খ) মনে কর, তুমি ঢাকা সিটির ৫৪ নং রোডের অধিবাসী, তোমার নাম নাহিদ। তোমার এলাকায় ড্রেনের পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নতির জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লেখ।

**৩. যেকোনো একটি বিষয়ে সারাংশ/সারমর্ম লেখ :** ১০

(ক) প্রকৃত জ্ঞানের স্পৃহা না থাকলে শিক্ষার মূল উদ্দেশ্য পূরণ হয় না। এ অবস্থায় পরীক্ষায় পাস করাটাই বড় হয় এবং পাঠ্যপুস্তক পর্যন্তই জ্ঞান সীমাবদ্ধ থাকে। আমাদের দেশে পরীক্ষায় পাস করা লোকের অভাব নেই, কিন্তু জ্ঞানী লোকের অভাব আছে। যেখানে পরীক্ষা পাসের মোহ তরুণ শিক্ষার্থীদের উৎকণ্ঠিত রাখে, সেখানেই জ্ঞান নির্বাসিত। একটি স্বাধীন জাতি হিসেবে জগতের বুকে অক্ষয় ও অমরত্ব লাভ করতে হলে জ্ঞানের প্রতি তরুণসমাজকে উন্মুখ করতে হবে। সহজ লাভ আপাতত সুখের হলেও পরিণামে কল্যাণ বসে আনে না। পরীক্ষা পাসের মোহ থেকে মুক্ত না হলে তরুণসমাজের সামনে কখনোই দিগন্ত উন্মোচিত হবে না।

(খ) দেখিতে গিয়াছি পর্বতমালা<br>
দেখিতে গিয়াছি সিন্ধু<br>
দেখা হয় নাই চক্ষু মেলিয়া<br>
একটি ধানের শিষের উপর<br>
একটি শিশির বিন্দু।

**৪. যেকোনো একটি বিষয়ে ভাব-সম্প্রসারণ লেখ :** ১০

(ক) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

(খ) দুর্নীতি জাতীয় জীবনে অভিশাপ স্বরূপ।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন তৈরি কর :** ১০

(ক) কলেজের সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সম্পর্কে ১টি প্রতিবেদন লেখ।

(খ) "ঢাকা শহরের যানজট একটি ভয়াবহ সমস্যা।" এই শিরোনামে একটি প্রতিবেদন লেখ।

**৬. যেকোনো একটি বিষয়ে রচনা লেখ :** ২০

(ক) স্বদেশপ্রেম

(খ) সময়ের মূল্য

(গ) দেশ গঠনে ছাত্র সমাজের ভূমিকা

(ঘ) আমার স্বপ্নের বাংলাদেশ

(ঙ) বিজ্ঞান ও আধুনিক বিশ্ব

Teachingbd.com

http://teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　**বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা**　　বিষয় কোড: ১ ০ ২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. করণকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ কোনটি?**
ⓚ মেয়েটির চুলে লাল ফিতা বাঁধা
ⓚ ঠাণ্ডা জলে বাষ্প হয় না
ⓖ আকাশ মেঘে আচ্ছন্ন
ⓖ দুঃখে যেন করতে পারি জয়

**২. ব্যাপ্তি অর্থে অনুসর্গের ব্যবহার কোনটি?**
ক) এ দেশের মাঝে একদিন সব ছিল
খ) আছ তুমি প্রভু জগৎ মাঝারে
গ) এ জন্মের তরে বিদায় নিলাম
ঘ) শরতের পরে আসে বসন্ত

**৩. হৃদয়াবেগ প্রকাশ করতে কোন চিহ্ন লাগে?**
ক) কমা　খ) হাইফেন
গ) প্রশ্নবোধক　ঘ) বিস্ময়সূচক

**৪. ইন্দ্রকে জয় করেছে যে— এর বাক্য সংক্ষেপণ কোনটি?**
ক) জীমূতমন্দ্র　খ) ইন্দ্রজয়
গ) জিতেন্দ্রিয়　ঘ) ইন্দ্রজিৎ

**৫. 'গোবর গণেশ' বাগধারাটির অর্থ কী?**
ক) গোবরের মতো আবর্জনা
খ) প্রতারক
গ) চালাক
ঘ) মুর্খ

**৬. 'কিরণ' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক) সমুদয়　খ) সূর্য
গ) অন্ধকার　ঘ) আলোক

**৭. 'জাত' অর্থে কোনটিতে 'আই' প্রত্যয় যুক্ত হয়েছে?**
ক) ঢাকাই　খ) মোগলাই
গ) মিঠাই　ঘ) চড়াই

**৮. কোনটি রূপবাচক বিশেষণ?**
ক) সবুজ মাঠ　খ) ঠাণ্ডা হাওয়া
গ) বেলে মাটি　ঘ) চৌচালা ঘর

**৯. পুরুষ কত প্রকার?**
ক) ২ প্রকার　খ) ৩ প্রকার
গ) ৪ প্রকার　ঘ) ৫ প্রকার

**১০. অনুসর্গ অব্যয় কত প্রকার?**
ক) ৪ প্রকার　খ) ৩ প্রকার
গ) ৫ প্রকার　ঘ) ২ প্রকার

**১১. উৎ + মুখ > উন্মুখ— কীসের উদাহরণ?**
ক) প্রগত　খ) মধ্যগত
গ) অন্যোন্য　ঘ) পরাগত

**১২. ষত্ব বিধান অনুযায়ী কোনটি সঠিক?**
ক) মূমূর্ষু　খ) মুমূর্ষু
গ) মুমুর্ষু　ঘ) মুমূর্সু

**১৩. কোনটির নিয়ম অনুসারে সন্ধি হয় না?**
ক) কুলটা　খ) গায়ক
গ) পশ্বাধম　ঘ) নদ্যম্বু

**১৪. সামান্যতা বুঝাতে বিশেষণ শব্দযুগলের বিশেষণ হিসেবে ব্যবহার হয়েছে কোনটিতে?**
ক) কালো কালো চেহারা　খ) কবি কবি ভাব
গ) রাশি রাশি ধান　ঘ) গরম গরম জিলাপী

**১৫. পত্নীবাচক অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?**
ক) ননদ　খ) মুরগি
গ) খুকী　ঘ) ভাবী

**১৬. কোনটি ক্রিয়াবাচক শব্দের দ্বিরুক্ত?**
ক) বৃষ্টি পরে টাপুর টাপুর
খ) বারবার মেঘ ডেকে ওঠে
গ) দেখতে দেখতে চোখ জুড়িয়ে যায়
ঘ) মন কেমন কেমন করে

**১৭. 'দ্বিতীয় লোকটিকে ডাক'— এ বাক্যের দ্বিতীয় কোন ধরনের সংখ্যা?**
ক) তারিখবাচক　খ) অঙ্কবাচক
গ) ক্রমবাচক　ঘ) গণনাবাচক

**১৮. কোনটি একবচনের উদাহরণ?**
ক) মানুষ মরণশীল　খ) শিক্ষক ছাত্র পড়াচ্ছেন
গ) লোকে বলে　ঘ) বনে বাঘ থাকে

**১৯. খাতাপত্র কোন অর্থে দ্বন্দ্ব সমাস?**
ক) মিলনার্থক　খ) সমার্থক
গ) বিপরীতার্থক　ঘ) বিরোধার্থক

**২০. সদৃশ অর্থে অব্যয়ীভাব সমাস নয় কোনটি?**
ক) উপনদী　খ) উপশহর
গ) উপবন　ঘ) উপগ্রহ

Teachingbd.com

২১. কোনো কিছু বলাকে কী বলে?
ⓚ বচন ⓛ উক্তি
ⓖ প্রত্যয় ⓘ বাক্য

২২. 'লাপাত্তা' শব্দের 'লা' কোন শ্রেণির উপসর্গ?
ⓚ ফারসি ⓛ উর্দু
ⓖ আরবি ⓘ হিন্দি

২৩. 'প্রবীণ' কোন প্রকার শব্দ?
ⓚ রূঢ়ি ⓛ যোগরূঢ়
ⓖ মৌলিক ⓘ যৌগিক

২৪. 'বিশ্বনবী' কোন ধরনের বিশেষ্য পদ?
ⓚ সংজ্ঞাবাচক ⓛ গুণবাচক
ⓖ বস্তুবাচক ⓘ সমষ্টিবাচক

২৫. অংশবাচক বিশেষণের উদাহরণ হলো—
ⓚ সত্তর পৃষ্ঠা ⓛ ৫ শতাংশ ভূমি
ⓖ শ টাকা ⓘ সিকি পথ

২৬. 'হাসাহাসি' কোন সমাস?
ⓚ ব্যতিহার বহুব্রীহি ⓛ ব্যাধিকরণ বহুব্রীহি
ⓖ নঞ বহুব্রীহি ⓘ মধ্যপদলোপী বহুব্রীহি

২৭. পুরাঘটিত বর্তমান কালের উদাহরণ—
ⓚ শীতের বাতাস বইছে
ⓛ কৃষ্ণচূড়া ফুটল
ⓖ আকাশে মেঘ ডেকেছিল
ⓘ বৃষ্টিতে পথে কাদা হয়েছে

২৮. 'বৃষ্টি থেমে গেল'— যৌগিক ক্রিয়ার কোন অর্থ প্রকাশ করে?
ⓚ অবিরাম অর্থ ⓛ ক্রমশ অর্থ
ⓖ সমাপ্তি অর্থ ⓘ সম্ভাবনা অর্থ

২৯. অনুরোধে বর্তমান অনুজ্ঞার উদাহরণ কোনটি?
ⓚ রোগ হলে ওষুধ খাবে
ⓛ ওগো আজ তোরা যাসনে ঘরের বাহিরে
ⓖ খোদা তোমার হায়াত দারাজ করুন
ⓘ কাজটি করে ফেল

৩০. স্বরান্ত শব্দের উত্তর 'এ' বিভক্তিরূপ হয়—
ⓚ এ বা তে ⓛ এরা বা রা
ⓖ য় বা য়ে ⓘ তে বা কে

৩১. 'গুরুচণ্ডালী দোষ' কাকে বলে?
ⓚ সাধু ও চলিত রীতির মিশ্রণকে
ⓛ চলিত ও আঞ্চলিক রীতির মিশ্রণকে
ⓖ সাধু ও আঞ্চলিক রীতির মিশ্রণকে
ⓘ চলিত ও উপভাষার মিশ্রণকে

৩২. তৎসম শব্দ কোনগুলো?
ⓚ পত্র, কেষ্ট, ডাব, সমুদ্র
ⓛ টোপর, বসুন্ধরা, নক্ষত্র, অনল
ⓖ আকাশ, বৃক্ষ, নক্ষত্র, অনল
ⓘ সূর্য, চন্দ্র, সাপ, গিন্নি

৩৩. 'তুর্কি' শব্দ কোনটি?
ⓚ কলম ⓛ নামাজ
ⓖ ইসলাম ⓘ হরতন
[দ্রষ্টব্য: সঠিক উত্তর নেই]

৩৪. শব্দতত্ত্বের অপর নাম কী?
ⓚ ধ্বনিতত্ত্ব ⓛ রূপতত্ত্ব
ⓖ বাক্যতত্ত্ব ⓘ অর্থতত্ত্ব

৩৫. ব্যাকরণের 'ধ্বনিতত্ত্ব অংশে আলোচিত হয়—
ⓚ বর্ণ, সন্ধি, ণত্ব বিধান, ষত্ব বিধান
ⓛ শব্দ, পদ, লিঙ্গ, বচন, কারক, সমাস, প্রত্যয়
ⓖ বাক্য প্রকরণ, বাচ্য, বাগধারা ইত্যাদি
ⓘ ওপরের সব কয়টি

৩৬. বিভক্তিহীন নাম শব্দকে কী বলা হয়?
ⓚ আনুপাতিক ⓛ আনুষঙ্গিক
ⓖ প্রাতিপদিক ⓘ প্রত্যয়ান্তিক

৩৭. কোন জোড়টি সাদৃশ্যপূর্ণ?
ⓚ নাম প্রকৃতি ও ক্রিয়া প্রকৃতি
ⓛ মৌলিক শব্দ ও প্রাতিপদিক
ⓖ মৌলিক শব্দ ও সাধিত শব্দ
ⓘ প্রকৃতি ও সন্ধি

৩৮. যেকোনো ভাষায় ব্যবহৃত বর্ণ সমষ্টিকে সে ভাষার কী বলে?
ⓚ বর্ণ ⓛ বর্ণমালা
ⓖ ব্যঞ্জনবর্ণ ⓘ স্বরবর্ণ

৩৯. 'সায়াহ্ন' শব্দে 'হ্ন' কোন কোন বর্ণে মিলিত রূপ?
ⓚ হ্ + ন ⓛ হ্ + ণ
ⓖ ন্ + হ ⓘ ণ্ + হ

৪০. 'ড়' ও 'ঢ়' ধ্বনি দুটিকে কী ধ্বনি বলে?
ⓚ ঘোষ ধ্বনি
ⓛ শিশধ্বনি
ⓖ কল্পনাজাত ধ্বনি
ⓘ তাড়নজাত ধ্বনি

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক |
| ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | – | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | খ | ৩৯ | ক | ৪০ | ঘ |

http://teachingbd.com